DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 02:25 AM

আন্তর্জাতিক

# ককরোচদের আন্দোলনকে সমর্থন করায় ভারতে গ্রেপ্তার ৩ মুসলিম তরুণ

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ২৭ জুলাই ২০২৬, ১২:১২ PM



ভারতে চলমান ককরোচ জনতা পার্টির (সিজেপি) ডাকে ছাত্র-যুব আন্দোলনের সমর্থনে কেবল একটি প্রতিবাদ কর্মসূচির পরিকল্পনা করার অপরাধে আসামের লখিমপুর জেলা থেকে তিন মুসলিম তরুণকে গ্রেপ্তার করেছে পুলিশ।

এখনও পর্যন্ত কোনো বিক্ষোভ মিছিল বা সমাবেশ অনুষ্ঠিত না হওয়া সত্ত্বেও তাঁদের বিরুদ্ধে ভারতের সার্বভৌমত্ব, ঐক্য ও অখণ্ডতা বিপন্ন করার মতো গুরুতর ধারায় মামলা দেওয়া হয়েছে।

গ্রেপ্তার হওয়া তরুণরা হলেন মনজুর রহমান (২৩), আশরাফুল ইসলাম (২১) এবং আবদুল কাশেম (২৩)। তাঁরা তিনজনই লখিমপুর জেলার লালুক থানার অন্তর্গত ইসলামপুর গ্রামের বাসিন্দা।

সম্প্রতি শিক্ষা খাতে অনিয়মের প্রতিবাদে এবং কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবিতে ভারতজুড়ে ছড়িয়ে পড়া আন্দোলনকে সমর্থন জানাতে তাঁরা একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ খুলেছিলেন। পরবর্তীতে একটি শান্তিপূর্ণ সমাবেশের অনুমতি চেয়ে তাঁরা স্থানীয় লালুক থানায়

আবেদনও করেন, কিন্তু পুলিশ তাঁদের সেই অনুমতি মেলেনি।গ্রেপ্তারকৃতদের মধ্যে মনজুর ও আশরাফুল এম.কম-এর ছাত্র এবং আবদুল কাশেম ফার্মাসিউটিক্যাল সায়েন্সের স্নাতক হয়ে একটি বেসরকারি স্কুলে শিক্ষকতা করছিলেন।

গ্রেপ্তারের ধরণ ও পুলিশের ভূমিকা নিয়ে ক্ষুব্ধ তাদের স্বজনেরা। মনজুরের বাবা মজিবুর রহমান বলেন, □আমার ছেলে প্রতিবাদের আয়োজন করার চেষ্টা করে কোনো অসংবিধানিক কাজ করেনি। সারা দেশের যুবসমাজ আন্দোলন করছে, তাদের তো গ্রেপ্তার করা হচ্ছে না! আমার ছেলে তো এখনও কোনো সমাবেশও করেনি, কেবল আয়োজনের চেষ্টা করছিল।□

আশরাফুলের বাবা আইয়ুব আলী বলেন, □অন্য কোনো সম্প্রদায়ের তরুণদের গ্রেপ্তার করা হচ্ছে না। কিন্তু আমরা মুসলিম, আর সে কারণেই আমাদের টার্গেট করা হচ্ছে।□

কাশেমের বাবা নুরুল ইসলাম জানান, ২২ জুলাই পুলিশ সাধারণ জিজ্ঞাসাবাদের জন্য তাঁর ছেলেকে ডেকে পাঠায় এবং পরদিন সকালে ছেড়ে দেওয়ার কথা বলেও শেষ পর্যন্ত জেলে পাঠিয়ে দেয়।

পুলিশ ওই তিন তরুণের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা-র ৬১(২)(ব), ৩৫৩(১) এবং ১৫২ নম্বর ধারায় মামলা দায়ের করেছে। এর মধ্যে ১৫২ নম্বর ধারাটি অত্যন্ত কঠোর□যা মূলত রাষ্ট্রদ্রোহ বা দেশের সার্বভৌমত্ব, ঐক্য ও অখণ্ডতা বিপন্ন করার মতো অপরাধে প্রয়োগ করা হয়।

লালুক থানার পুলিশ অভিযুক্তদের নিজেদের হেফাজতে (পুলিশ রিমান্ড) নেওয়ার আবেদন জানালেও আদালত তা খারিজ করে দেয় এবং তাঁদের বিচার বিভাগীয় হেফাজতে পাঠানোর নির্দেশ দেয়। লালুক থানার ওসি সীমান্ত পাঠক ঘটনার সত্যতা নিশ্চিত করে জানিয়েছেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি পেলে তিনি এ বিষয়ে বিস্তারিত আপডেট পাবেন।

---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই □নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে□ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**
ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



### ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



### হরমুজকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



### ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/kkrochder-andolnke-smrthn-kray-bharte-greptar-3-muslim-trun